**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 21-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Luxury hotel-lease agreement :**

আগরতলায় পুরাতন রাজভবন প্রাঙ্গণে তাজ গ্রুপের পুষ্পবন্ত প্যালেস হোটেল নির্মাণের জন্য রাজ্য সরকারের পর্যটন দপ্তর ও ইন্ডিয়ান হোটেল কোম্পানি লিমিটেডের মধ্যে লীজ - চুক্তি স্বাক্ষরিত হয়। আগরতলার T I F T হলে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী ও ইন্ডিয়ান হোটেল কোম্পানি লিমিটেডের কর্মকর্তাগণ। চুক্তি স্বাক্ষরের পর মুখ্যমন্ত্রী বলেন, হোটেলের কক্ষগুলিতে রাজ্যের মহারাজাদের রাজকীয় কীর্তিগুলি শোভা পাবে।

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, খুব দ্রুত হোটেল নির্মাণের কাজ শুরু হবে। এই হোটেল নির্মাণ হলে রাজ্যে অর্থনৈতিক ব্যবস্থায় নতুন করে জোয়ার আসবে। কর্মসংস্থানের ও সুযোগ বাড়বে।

**Hotel C.M (2):**

মাধ্যমের সঙ্গে মতবিনিময় করতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, এই হোটেল তৈরির মধ্য দিয়ে রাজ্যে পর্যটন ক্ষেত্রে একটা বিরাট দরজা খুলে গেল। তিনি এই দিনটিকে একটি গৌরবময় দিন হিসাবে উল্লেখ করেন। এরজন্য আইএইচসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান তিনি। নির্মান কাজ দুই বছরের মধ্যে কাজ শেষ করার জন্য অনুরোধ করেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, রাজন্য আমলে নির্মিত এরকম একটা প্যালেস অনেকদিন ধরে খালি পড়ে রয়েছে। ১৯১৭ সালে আগরতলার পুষ্পবন্ত প্যালেস নির্মাণ করা হয়েছিল। মহারাজা বীরেন্দ্র কিশোর মানিক্য বাহাদুর এই প্যালেসটি নির্মাণ

করেছিলেন। এর স্থাপত্য ও ঐতিহাসিক তাৎপর্য অপরিসীম। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ সাহা বলেন, ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন সরকার আসার পর আমরা সিদ্ধান্ত নিয়েছি যে এই প্যালেসটির যথাযথ ব্যবহার করা দরকার।

মুখ্যমন্ত্রী বলেন, এই ঐতিহ্যবাহী হোটেলে প্রায় ১০০টির মতো রুম হবে। মুখ্যমন্ত্রী জানান, এর মাধ্যমে রাজ্য থেকে প্রায় ২০০ চাকরি সৃষ্টি করা যাবে।

############CM Byte#############

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, কৃষকদের আর্থিকভাবে আত্মনির্ভর করে তুলতে ‘পিএম কিষান সম্মান নিধি যোজনার মাধ্যমে ধারাবাহিকভাবে নানা উদ্যোগ গ্রহণ করছে রাজ্য সরকার। এই প্রকল্পে ২০ তম কিস্তি প্রদানের আগে যেসব কৃষকের ‘কেওয়াইসি প্রক্রিয়া এখনও সম্পন্ন হয়নি, তাদের জন্য কৃষি দপ্তরের সেক্টর অফিসগুলিতে কে ওয়াই সি ফর্ম পূরণের কাজ চলছে। গতকাল মুঙ্গিয়াকামি এগ্রিকালচার সেক্টর অফিস পরিদর্শনকালে জনজাতি কল্যাণ মন্ত্রী শ্রী দেববর্মা একথা জানান। মন্ত্রী জানান, মুঙ্গিয়াকামি ব্লকের বিস্তীর্ণ জমিকে কৃষিকাজের আওতায় আনতে হবে|

**PM Modi on Late Narlikar:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রবীণ জ্যোতির্বিজ্ঞানী জয়ন্ত নারলিকরের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। একটি সামাজিক মাধ্যমে গতকাল এক পোস্টে, প্রধানমন্ত্রী নারলিকারের মৃত্যুকে বৈজ্ঞানিক জগতে এক বৃহৎ ক্ষতি হিসেবে বর্ণনা করেছেন। তিনি জানিছেন, প্রয়াত জয়ন্ত নারলিকার এক উজ্জ্বল ব্যক্তিত্ব ছিলেন, বিশেষ করে জ্যোতির্বিজ্ঞানের ক্ষেত্রে পথপ্রদর্শকের কাজ করে গেছেন। বিশেষ করে জ্যোতির্বিজ্ঞানে তাঁর মূল তাত্ত্বিক কাঠামোগুলি ভবিষ্যৎ প্রজন্মের গবেষকদের কাছে মূল্যবান হবে। প্রধানমন্ত্রী আরও বলেছেন যে নারলিকার

একটি প্রতিষ্ঠান গড়ার জন্য দেশে ছাপ রেখে গেছেন, তরুণ প্রজন্মের বিজ্ঞানি ও গবেষকদের জন্য শিক্ষা ও উদ্ভাবনের কেন্দ্রগুলি তৈরি করে গেছেন।

**NHIDCL Bridge:**

কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রকের অধিন রাষ্ট্রায়ত্ব নির্মান সংস্থা NHIDCL এর পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মোরামত ও সংস্কারের জন্য আসামের কাছাড় জেলার বদরপুর বিভাগে ৪৪ নম্বর জাতীয় সড়ক যা বর্তমানে যা ৬ নম্বর জাতীয় সড়ক, এই সড়কের উপর অবস্থিত গ্যামন সেতু আজ থেকে আগামী ২০ শে জুলাই পর্যন্ত ৬০ দিনের জন্য বন্ধ থাকবে। এই সড়ক দ সবধরনের চলাচল স্থগিত করা হয়েছে।

**ICP Import:**

বাংলাদেশ থেকে ভারতে আমদানিকৃত বেশ কয়েকটি জিনিসের উপর নিষেধাজ্ঞা জারি থাকলেও মাছ, ভোজ্য তেল, এলপিজি এবং পাথরের চিপস আমদানির উপর কোন নিষেধাজ্ঞা নেই। গত দুদিন ধরে এই জিনিসগুলো যথারীতি আগরতলা আইসিপি এবং সোনামুড়া চেকপোস্ট দিয়ে রাজ্যে আসছে। আজও মাছ বোঝাই ১৪টি ট্রাক আগরতলা এসে পৌঁছেছে। সোনামুড়া সীমান্ত দিয়ে কয়েক গাড়ি এল পি জি রাজ্যে এসেছে বলে জানান আগরতলা আইসিপির ভারপ্রাপ্ত আধিকারিক দেবাশিস নন্দী।

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, বৃহস্পতিবার রাজস্থানের বিকানেরে ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এই প্রকল্পগুলি রেলওয়ে, সড়কপথ, বিদ্যুৎ, জল এবং নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই সফরকালে, প্রধানমন্ত্রী ১৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৬টি জেলায় ১০৩টি পুনর্নির্মিত অমৃত স্টেশন উদ্বোধন করবেন।

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় বিবেকানন্দ ক্লাব ১-১ গোলে কেশব সংঘকে সাথে ড্র করে।

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলা ও তার আশেপাসে গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৫৪.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা  থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।